



৯৪/বাউবি/পরীক্ষা/বিএজিএড/৯৭/পার্ট-১/৪২১১

তারিখ : ০৩/০৩/২০১৯

জেলা প্রশাসক

বিষয় : বাউবি পরিচালিত বিএজিএড প্রোগ্রাম ১৮২ টার্ম (জুলাই-ডিসেম্বর, ২০১৮) পরীক্ষার ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সিমেন্টারের পরীক্ষার প্রশ্নপত্র ট্রেজারীতে সংরক্ষণ প্রসঙ্গে।

জনাব,

আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএজিএড প্রোগ্রাম ১৮২ টার্ম (জুলাই-ডিসেম্বর, ২০১৮) পরীক্ষার ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সিমেন্টারের পরীক্ষা আগামী ১৫/০৩/২০১৯ তারিখ হতে দেশব্যাপী সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেবলমাত্র ছুটির দিন (শুক্র ও শনিবার) অনুষ্ঠিত হবে। এতদসাথে পরীক্ষার সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংযুক্ত। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের আইন শৃঙ্খলা রক্ষাসহ উন্মুক্ত পরীক্ষার পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

আগামী ০৪-০৩-২০১৯ তারিখে তেজগাঁও, ঢাকাস্থ বিজি প্রেস থেকে উল্লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের ০১/০২ টি ট্রাংক বাউবি'র একজন কর্মকর্তার মাধ্যমে প্রেরণ করা হবে। উল্লিখিত প্রশ্নপত্রের ট্রাংক জেলা ট্রেজারীতে নিরপদ হেফাজতে সংরক্ষণ এবং পরীক্ষার দিনে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সমন্বয়কারী/তার প্রতিনিধির নিকট হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ প্রদানের অনুরোধ জানানো হ'ল।

এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

মুগা-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

জ্যেষ্ঠতার্থে ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুগা-সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ডীন, সার্ভ, বাউবি।
৪. পরিচালক/সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি'র ওয়েব পেজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল)।
৫. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৬. আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র, বাউবি (সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও ট্রেজারী অফিসারের সাথে যোগাযোগ করে প্রেরিত প্রশ্নপত্রের ট্রাংক ট্রেজারী/ থানা লকারে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৭. উপ-আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৮. সমন্বয়কারী, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র (পরীক্ষার দিন জেলা ট্রেজারী/ থানা লকার হতে প্রশ্নপত্র সংগ্রহ করে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৯. ট্রেজারী অফিসার, সংশ্লিষ্ট জেলা (প্রশ্নপত্রের ট্রাংক আপনার ট্রেজারীতে সংরক্ষণ করে পরীক্ষার দিন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী/সমন্বয়কারীর প্রতিনিধির নিকট প্রশ্নপত্র হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
১০. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদর অবগতির জন্য)।
১১. সমন্বয়কারী/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএজিএড প্রোগ্রাম, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র।
১২. সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
অফিস নং	৭৬০০
তারিখ	০৩/০৩/১৯
সিস্টেম ম্যানেজার/পরিচালক	
সিস্টেম ম্যানেজার/পরিচালক	

(Handwritten signature)